

COVID-19: আবাসিক ভবনগুলির জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

এই নথিটি আবাসিক ভবনের মালিকদের এবং ম্যানেজারদের জন্য COVID-19 সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর প্রদান করে। রিওপেনিং NYC সম্পর্কে বিশদ তথ্যের জন্য “[Re-opening New York City: Frequently Asked Questions](#)” (রিওপেনিং নিউ ইয়র্ক সিটি: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন) দেখুন, অথবা nyc.gov/health/coronavirus এ যান এবং “*Reopening NYC*” (রিওপেনিং NYC) দেখুন।

COVID-19 প্রতিরোধের জন্য এই মূল চারটি পদক্ষেপ মনে রাখুন:

- **অসুস্থ হলে বাড়িতে থাকা:** আপনি যদি অসুস্থ হন বা এমন কারো সংস্পর্শে এসে থাকেন যিনি অসুস্থ ছিলেন গত 14 দিনে, তাহলে বাড়িতে থাকুন, যদি না আপনি অপরিহার্য চিকিৎসার জন্য বেরোন (পরীক্ষা করানো সহ) অথবা অন্যান্য অপরিহার্য কাজের জন্য।
- **শারীরিক দূরত্ব বজায় রাখুন:** অন্য মানুষদের থেকে অন্তত 6 ফুট দূরত্বে থাকুন।
- **আপনার হাত পরিষ্কার রাখুন এবং পরিষ্কার করার প্রটোকল অনুসরণ করুন:** অন্তত 20 সেকেন্ড ধরে প্রায়শই সাবান ও জল দিয়ে হাত ধোয়, বিশেষ করে শৌচাগার ব্যবহার করার পরে, নাক ঝাড়ার পরে, কাশি এবং হাঁচির পরে। যদি সাবান এবং পানি উপলভ্য না থাকে তাহলে অন্তত 60% অ্যালকোহল সহ হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন। না ধোয়া হাতে আপনার মুখ স্পর্শ করবেন না। আপনার কাশি এবং হাঁচি আপনার হাত দিয়ে ঢাকুন (হাত দিয়ে নয়)। প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলি নিয়মিত পরিষ্কার করুন।
- **একটি মুখের আবরণ পরা:** আপনার আশেপাশের সকলকে সুরক্ষিত করুন। আপনি উপসর্গগুলি ছাড়াই সংক্রমিত হয়ে থাকতে পারেন এবং কাশি, হাঁচি, বা কথা বলার সময় রোগটি ছড়াতে পারেন। সঠিকভাবে একটি মুখের আবরণ পরলে তা COVID-19 ছড়িয়ে পড়া কমাতে সহায়তা করতে পারে। আরও তথ্যের জন্য দেখুন nyc.gov/facecoverings।

অসুস্থ হলে বাড়িতে থাকুন

যে ভবনের কর্মীদের মাদের COVID-19 হয়েছে বলে সন্দেহ করা হয় বা পরীক্ষার দ্বারা নিশ্চিত করা হয়, কবে কাজে ফিরতে পারেন?

নিউ ইয়র্ক স্টেট (NYS) রিওপেনিংয়ের নির্দেশিকা অনুযায়ী, অসুস্থ হওয়ার জন্য কাজে যোগদান করা থেকে বিরত রাখা বেশিরভাগ কর্মীকে নিচের **সবগুলি** সত্যি না হওয়া পর্যন্ত কাজে ফেরত আস উচিত নয়:

- তাদের উপসর্গগুলি শুরু হওয়া থেকে অন্তত 14 দিন হয়ে গিয়ে থাকলে, **বা** কোনো উপসর্গ দেখা না গেলে, তাদের প্রথম পজিটিভ টেস্টের পরে 14 দিন অতিক্রান্ত হলে।
- কোন স্বর কমানোর ওষুধ যেমন টাইলেনল বা আইবুপ্রোফেন (যেমন অ্যাডভিল অর মর্টিন) ব্যবহার না করেও গত তিন ধরে স্বর আসেনি।
- তাদের সামগ্রিক স্বাস্থ্যের উন্নতি হয়েছে।

যদি ভবনের কর্মীরা কাজে না আসেন?

ভবনের মালিক এবং সম্পত্তির ম্যানেজাররা ব্যাকাপ কর্মী খুঁজে বার করার অথবা আবাসিকদের মধ্যে থেকে স্বেচ্ছাসেবী চাইবার কথা বিবেচনা করতে পারেন কাজে সাহায্যের জন্য যেমন উপযুক্ত মনে করবেন, যেমন প্যাকেজ ডেলিভারি, এবং দৈনন্দিন পরিষ্কার এবং জীবানুমুক্তকরণ। সব সময় শারীরিক দূরত্ব বজায় রাখাকে উৎসাহিত করতে হবে।

অসুস্থ হওয়ার জন্য কাজে যোগদান করা থাকা বিরত রাখা একজন কর্মচারীকে কাজে আবার যোগদান করার আগে কি একটি COVID-19 পরীক্ষা করাতে হবে?

না, কাজে আবার যোগদানের জন্য কোনো টেস্টিংয়ের আবশ্যিকতা নেই। কিন্তু, নিউ ইয়র্ক সিটি, সকল নিউ ইয়র্কবাসীদের, তাদের উপসর্গ থাকুক বা না থাকুক বা হওয়ার ঝুঁকি বেশি বা কম যাই থাকুক না কেন, COVID-19 ডায়গনস্টিক টেস্টিং করিয়ে নেওয়ার সুপারিশ করে। আগে যাদের টেস্ট পজিটিভ এসেছিল তাদের বর্তমানে আবার টেস্ট করার পরামর্শ দেওয়া হয় না, যদি না জনস্বাস্থ্য নির্দেশিকা বা তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীরা তা করার নির্দেশ দেন।

একজন কর্মচারীর COVID-19 টেস্ট পজিটিভ আসলে ভবন ব্যবস্থাপনাকে কি জনস্বাস্থ্য আধিকারিকদের তা জানাতে হবে?

নিউ ইয়র্ক স্টেটের আবশ্যিকতা অনুযায়ী নিয়োগকারী যদি একজন কর্মচারীর নিশ্চিত বা সন্দেহজনক কেস জানতে পারেন তাহলে তাকে জনস্বাস্থ্য আধিকারিকদের তা জানাতে হবে। নিয়োগকারীরা যদি সরাসরি জনস্বাস্থ্য কর্তৃপক্ষদের রিপোর্ট করতে চান, তাহলে তারা

CovidEmployerReport@nychhc.org-তে নিউ ইয়র্ক টেস্ট অ্যান্ড ট্রেস কর্প (NYC Test and Trace Corps) এ সরাসরি তা ইমেল করতে পারেন।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে দ্যা নিউ ইয়র্ক টেস্ট অ্যান্ড ট্রেস প্রোগ্রাম (NYC Test and Trace program) শুধুমাত্র নিশ্চিত কেসগুলি সম্পর্কে ফলো আপ করে এবং এই ইমেলের মাধ্যমে পাওয়া রিপোর্টগুলির উত্তর দেবে না। নিউ ইয়র্ক সিটি একটি ব্যাপক ইলেকট্রনিক ল্যাবরেটরি রিপোর্টিং পদ্ধতির মাধ্যমে রিপোর্ট করা নিশ্চিত কেসগুলির ওপর ভিত্তি করে সংস্পর্শ খুঁজে বার করার কাজটি করে থাকে।

শহর কি ভবনের মালিক বা আবাসিকদের বিজ্ঞাপিত করবে যদি ভবনের কেউ অসুস্থ হন বা COVID-19 এর পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেন?

না, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্য দপ্তর (New York City Department of Health and Mental Hygiene) ভবনের মালিকদের বা আবাসিকদের অসুস্থতার বা পজিটিভ কেসগুলি সম্পর্কে অবহিত করবে না। নিউ ইয়র্ক সিটি টেস্ট অ্যান্ড ট্রেস কর্প (The NYC Test and Trace Corps) ঘনিষ্ঠ সাল্লিধ্যে আসা ব্যক্তিবর্গ যারা সংস্পর্শে এসে থাকতে পারেন তাদের চিহ্নিত করার জন্য COVID-19 নির্ণীত সকল ব্যক্তির সাক্ষাৎকার নেওয়ার চেষ্টা করবে। এই ঘনিষ্ঠ সাল্লিধ্যে আসা ব্যক্তিবর্গকে টেস্ট করার জন্য পাঠানো হবে এবং তাদের সংস্পর্শের ওপর ভিত্তি করে আইসোলেট করা হবে।

যদি একজন ব্যক্তি একটি কেসের সাল্লিধ্যে এসেছেন বলে উদ্বিগ্ন থাকেন কিন্তু NYC টেস্ট অ্যান্ড ট্রেস কর্প (NYC Test and Trace Corps) তার সাথে যোগাযোগ না করে থাকে, তাহলে সেই ব্যক্তি COVID-19 টেস্টিংয়ের বিকল্পগুলি সম্পর্কে আলোচনা করার জন্য তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলতে পারেন বা nychealthandhospitals.org/test-and-trace/testing - তে যেতে পারেন।

শারীরিক দূরত্ব বজায় রাখুন

কর্মস্থলে কি ভবনের কর্মীদের সামাজিক দূরত্ব অনুশীলন করতে হবে?

হ্যাঁ, ভবনের কর্মীদের শারীরিক দূরত্ব অনুশীলন করা উচিত, অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরে থেকে যখনই সম্ভব। মুখের আবরণ পরা উচিত যখন অন্তত 6 ফুটের দূরত্ব বজায় রাখা যাবে না। ভিড় এড়াতে, একই সময়ে লিফটে মানুষের সংখ্যা সীমিত করুন। মানুষদের উচিত নিজেদের লোকজনের সাথে লিফটে চড়া, সিঁড়ি দিয়ে ওঠা, বা পরের লিফটের জন্য অপেক্ষা করা।

আপনার হাত পরিষ্কার রাখুন এবং পরিচ্ছন্নতার প্রটোকল অনুসরণ করুন

ভবনের মালিক, ম্যানেজার এবং রক্ষণাবেক্ষণের কর্মীরা কি করতে পারেন যাতে সুস্থ হাতের স্বাস্থ্যবিধি বৃদ্ধি করা যায় এবং COVID-19 এর বিস্তার রোধ করতে সাহায্য করা যায়?

- ভবনের কর্মীদের নিশ্চিত করতে হবে যে সর্বজনীন স্থানের হাত ধোয়ার সিন্ধুগুলিতে বহমাণ পানি, সাবান এবং কাগজের তোয়ালে থাকে সব সময়ে।
- সর্বজনীন এলাকাগুলিতে অন্তত 60% শতাংশ অ্যালকোহল সহ হ্যান্ড স্যানিটাইজার রাখার কথা বিবেচনা করুন (উদাহরণস্বরূপ, লবি, বাথরুম, লন্ড্রি রুম, প্রবেশ পথ এবং প্রস্থানের পথ, এবং লিফট) স্বাস্থ্যকর হাতের স্বাস্থ্যবিধি উৎসাহিত করতে ভবনের বাসিন্দাদের মধ্যে।
- বাথরুমে এবং অন্যান্য সর্বজনীন এলাকাগুলিতে হাত-ধোয়া সম্পর্কে পোস্টার লাগান যেমন উপযুক্ত হবে। nyc.gov/health/coronavirus এ যান এবং “Posters and Flyers”

(পোস্টার এবং ক্লায়ার্স) খুঁজুন যেখানে আপনি “Wash Your Hands Poster for Adults” (ওয়াশ ইয়র হ্যান্ডস পোস্টার ফর অ্যাডাল্টস) পাবেন একাধিক ভাষায়।

ভবন রক্ষণাবেক্ষণের কর্মীরা কত ঘন ঘন লবি, বিশ্রাম কক্ষ বা লিফট রুমগুলির মত সর্বজনীন স্থানগুলি পরিষ্কার করবেন যেমন?

- ভবনের কর্মীদের নিয়মিত পরিষ্কার এবং জীবাণুনাশ করার কাজ চালিয়ে যেতে হবে অন্তত প্রতিদিন।
 - শেয়ার করা বস্তু (যেমন সরঞ্জামসমূহ) এবং বেশি স্পর্শ করা পৃষ্ঠতলগুলি (যেমন দরজার হাতল, সিঁড়ির রেলিং, লিফটের বোতাম, আলোর সুইচ, রিসেপশন ডেস্ক, হপার ডোর, পুশ এবং পুল প্লেট, মেইলবক্স এবং সরঞ্জামসমূহ) বহু মানুষ যাতায়াত করেন এমন জায়গায় অথবা শেয়ার করা স্থানগুলি (যেমন বিশ্রাম কক্ষ, লবি, লিফট, লিফট রুম এবং মেইলরুম) পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে আরো ঘন ঘন।
- [“General Guidance for Cleaning and Disinfection for Non-Health Care Settings”](#) (অ-স্বাস্থ্য পরিচর্যার পরিবেশে পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের সাধারণ নির্দেশিকা) দেখুন nyc.gov/health/coronavirus এ কিভাবে পরিষ্কার করার সরঞ্জাম যেমন মপ, কাপড় পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হয় এবং তার সাথে পরিষ্কার করার লগের একটি নমুনা যা শহর ও NYS এর আবশ্যিকতাগুলি সমর্থন করে।
- ভবনের কর্মীদের প্রায়শই সাবান ও পানি দিয়ে তাদের হাত ধোয়া উচিত অন্তত 20 সেকন্ডের জন্য, বিশেষ করে পরিষ্কার করার পরে। যদি সাবান আর পানি উপলভ্য না থাকে তাহলে তাদের উচিত একটি অন্তত 60% অ্যালকোহল সহ হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা।

একটি মুখের আবরণ পরুন

কর্মস্থলে ভবনের কর্মীদের কি মুখের আবরণ পরতে হবে?

ভবনের কর্মীরা তাদের নিজেদের মধ্যে এবং অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে না পারলে অবশ্যই একটি মুখের আবরণ পরবেন। কেউ কর্মীদের 6 ফুট দূরত্বের মধ্যে চলে এলে পরার জন্য তাদের একটি মুখের আবরণ প্রস্তুত রাখতে হবে।

ভবনের ব্যবস্থাপনাকে কি ভবনের কর্মীদের জন্য মুখের আবরণ প্রদান করতে হবে?

ভবনের ব্যবস্থাপনাকে বিনামূল্যে মুখের আবরণ প্রদান করতে হবে ভবনের কর্মীদের। ভবনের ব্যবস্থাপনাকে সব সময় পর্যাপ্ত পরিমাণে মুখের আবরণ মজুত রাখতে হবে। কর্মীদের আনা মুখের আবরণগুলি ন্যূনতম মানদণ্ড পূরণ করলে আপনি তাদের সেগুলি নিয়ে আসতে এবং পরার অনুমতি দিতে পারেন।

একটি গ্রহণযোগ্য মুখের আবরণ হিসেবে কি বিবেচিত হয়?

অনুগ্রহ করে মুখের আবরণ সম্পর্কিত এই [প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী](#) দেখুন।

ভবনের কর্মীরা মুখের আবরণ পরলে কি তাদের নিজেদের মধ্যে এবং অন্যদের সাথে 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে?

মুখের আবরণের ব্যবহার শারীরিক দূরত্ব বজায় রাখার বিকল্প হওয়া উচিত নয়। যেখানে সম্ভব হবে সেখানে কর্মীদের অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে। যখন শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব হবে না, তখন কর্মচারীদের অবশ্যই একটি মুখের আবরণ পরতে হবে।

সাধারণ ভবনের ক্রিয়াকলাপ

বায়ু চলাচল ব্যবস্থা কি COVID-19 ট্রান্সমিট করতে পারে? ভবনের কর্মী এবং অন্যদের সুরক্ষিত রাখতে আমি কী ব্যবস্থা নিতে পারি?

বর্তমান প্রমাণ সীমিত এবং একটি বায়ু চলাচল ব্যবস্থায় প্রবেশ করা বায়ু ভাইরাসটি ট্রান্সমিট করবে এরকম কিছু বলে না। যদিও, এয়ার কন্ডিশনিং ইউনিট, বায়ু প্রবাহের নালি বা পাখাগুলি (ব্যক্তিগত বা ঘরের পাখা) থেকে জায়গাগুলি জুড়ে বায়ুর সবেগে চলাচল, ড্রপলেটগুলিকে 6 ফুটের বেশি দূরে নিয়ে যেতে পারে। সেই সাথে, আপনার জায়গা অনুযায়ী যা উপযুক্ত হবে সেই হিসেবে, বায়ু চলাচল উন্নত করতে এই পদক্ষেপগুলি নিন:

- বাইরের বাতাস ভিতরে ঢোকার শতাংশ 100% পর্যন্ত বাড়ানোর চেষ্টা করুন (প্রথমে তাপমাত্রা, বায়ু চলাচল এবং শীততাপ নিয়ন্ত্রণ (HVAC) সিস্টেমের তাপ এবং আদ্রতা নিয়ন্ত্রণ উভয়ের সাথে সামঞ্জস্য নিশ্চিত করুন, এবং তার সাথে বাইরের এবং ভিতরের বাতাসের মানের বিষয়গুলির জন্য সিস্টেমের সক্ষমতাগুলির সাথে সংগতি যাচাই করে নিন)।
- সম্ভব হলে, লোক থাকা জায়গাগুলিতে সামগ্রিক বায়ু প্রবাহ বাড়ান।
- তাপমাত্রা বা লোক থাকার ওপর ভিত্তি করে বাতাসের সরবরাহ নিয়ন্ত্রণ করা ডিম্যান্ড-কন্ট্রোল ভেন্টিলেশন (Demand-control Ventilation, DCV) নিয়ন্ত্রণগুলি নিষ্ক্রিয় করুন।
- পরিবেশগত পরিস্থিতি এবং ভবনের আবশ্যিকতাগুলি অনুমতি দিলে, বায়ু প্রবাহ বাড়াতে স্বাভাবিক বায়ু চলাচল (উদাহরণস্বরূপ, সম্ভব ও নিরাপদ হলে জানলা খুলে দেওয়া) ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- বায়ু প্রবাহের ডিজাইনের বিশেষ কোনো পরিবর্তন না করে কেন্দ্রীয় বায়ু পরিশোধন যতটা সম্ভব উন্নত করুন (MERV 13 বা 14)।
- ফিল্টার যথাযথভাবে লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করতে এবং ফিল্টারের বাইপাস ন্যূনতম করার উপায়গুলি পরীক্ষা করতে ফিল্টার হাউসিং এবং তাকগুলি পর্যবেক্ষণ করুন।
- ডাইলিউশন বায়ু চলাচল সর্বাধিক করতে কেউ না থাকার সময় বায়ু চলাচল ব্যবস্থা চালু রাখার কথা বিবেচনা করুন।

- নিশ্চিত করুন যে কর্মক্ষেত্রে লোক থাকাকালীন রেস্টরুম ফেসিলিটিগুলিতে এক্সহস্ট ফ্যানগুলি কাজ করে এবং পূর্ণ ক্ষমতায় চলে।

COVID-19 ভাইরাস কি পুল এবং হট টাবের মাধ্যমে ছড়াতে পারে?

কোন প্রমাণ নেই যে COVID-19 পুল ও হট টাবের মাধ্যমে মানুষের মধ্যে ছড়িয়ে যেতে পারে। পুল এবং হট টাবের সঠিক পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং জীবাণুমুক্তকরণ (যেমন ক্লোরিন এবং ব্রোমিন সহ) COVID-19 সৃষ্টিকারী ভাইরাসটিকে অপসারণ বা নিষ্ক্রিয় করবে।

কিন্তু, COVID-19 -এর সাম্প্রদায়িক বিস্তার ক্রমাগত চলাকালীন বাসিন্দাদের উচিত স্বাস্থ্যকর হাতের স্বাস্থ্যবিধি এবং শারীরিক দূরত্বের অনুশীলন করা। ভবনের মালিকদের এবং অপারেটরদের উচিত পৃষ্ঠতলগুলির নিয়মিত পরিষ্কৃত্যের পরিচালনা করার উপযুক্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করার পদ্ধতি ব্যবহার করে, প্রায়ই স্পর্শকৃত পৃষ্ঠতল ও বস্তুগুলিকে বিশেষ মনোযোগ দিয়ে (nyc.gov/health/coronavirus -এ দেখুন সুপারিসগুলির জন্য)।

ভবনের বিভিন্ন পরিষেবা সরবরাহকারী (যেমন খাদ্য, প্রাথমিক সরবরাহ অথবা ওষুধ) কি অন্যরকমভাবে পরিচালনা করা উচিত?

ভবনের বসবাসকারীদের (কর্মী এবং বাসিন্দাদের) শারীরিক দূরত্ব বজায় রাখা উচিত চিঠি ও প্যাকেজ গ্রহণ করার সময় এবং ভবনে প্রবেশ বা প্রস্থান করার সময়। চিঠিপত্র নাড়াচাড়া করার পর, ভবনের সকল বাসিন্দাদের উচিত স্বাস্থ্যকর হাতের স্বাস্থ্যবিধি অনুশীলন করা। একটি বড় আবাসিক ভবন যেখানে প্যাকেজগুলিকে লবিতে রেখে যাওয়া হয়, সেখানে ভবন কর্মীরা বাসিন্দাদের সহায়তা করার জন্য বিবেচনা করতে পারেন তাদের অ্যাপার্টমেন্টের দরজার বাইরে ডেলিভারিগুলিকে রেখে গিয়ে।

কিছু সরবরাহকারী পরিষেবারও (যেমন উবার ইটস, ফ্রেশডাইরেক্ট এবং অ্যামাজন) “বিশেষ নির্দেশনা”-র জন্য অনলাইন বিভাগ আছে যেখানে লোকে আরও তথ্য লিখতে এবং অনুরোধ করতে পারেন, যেমন, প্যাকেজগুলি তাদের দরজার বাইরে পৌঁছে দেওয়া, অথবা টেক্সট বা কল করতে এবং প্যাকেজ(গুলি) দরজার বাইরে রেখে যাওয়ার জন্য ব্যক্তির-থেকে-ব্যক্তির যোগাযোগ এবং পৃষ্ঠতলের স্পর্শ সীমিত করতে।

বসবাসীদের কি করা উচিত যদি ভবনের মধ্যে ফায়ার অ্যালার্ম বেজে ওঠে?

ভবনের বসবাসকারীদের উচিত বিল্ডিংয়ের স্ট্যান্ডার্ড প্রোটোকল অনুসরণ করা যদি ফায়ার এলার্ম বেজে ওঠে এবং অগ্নি নিরাপত্তা আপস করা উচিত না। ফায়ার এবং বিল্ডিং কোডগুলিকে অনুসরণ করা অব্যাহত রাখতে হবে এবং ফায়ার ডোরগুলিকে খোলা উচিত হবে না। এই ধরনের ঘটনার সময় ভবনের বসবাসকারীদের উৎসাহিত করুন একে অপরের থেকে কমপক্ষে 6 ফুটের দূরত্ব বজায় রাখতে যখন তারা ভবন থেকে প্রস্থান করবেন।

যদি কোন নির্দিষ্ট ইউনিটে মেরামতের প্রয়োজন হয় (উদাহরণে, প্লাস্টিক অথবা বক্ষণাবেক্ষণ)?
ভবনের বসবাসকারী এবং কর্মীদের সাধারণ প্রতিরোধমূলক ক্রিয়া অনুসরণ করা উচিত, যেমন স্বাস্থ্যকর হাতের স্বাস্থ্যবিধি অনুশীলন করা এবং শারীরিক দূরত্ব বজায় রাখা কাজ চলাকালীন। ভবনের বসবাসকারীদের এবং কর্মীদের মুখের আবরণ পরার কথাও বিবেচনা করা উচিত। পরে কর্মস্থানগুলিকে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন (কিভাবে “[General Guidance For Cleaning and Disinfection for Non-Health Care Settings](#)” (অ-স্বাস্থ্য পরিচর্যার পরিবেশে পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের সাধারণ নির্দেশিকা) কর্মস্থান পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা যায় তার সম্পর্কে আরও তথ্য জানতে nyc.gov/health/coronavirus -এ দেখুন)।

আবাসিক ভবনের মালিকরা এবং সম্পত্তির ব্যবস্থাপকরা আর কীভাবে এই সময় বাসিন্দাদের সুস্থ থাকতে এবং বিচ্ছিন্নতা কমানোর জন্য সহায়তা করতে পারেন?

যদি ভবনের কর্মীরা সক্ষম হন, তাহলে সেই বাসিন্দাদের সাথে ফোন অথবা টেক্সট দ্বারা (ব্যক্তিগতভাবে না) চেক ইন করায় বিবেচনা করতে পারেন যারা এই ধরনের যোগাযোগে আগ্রহ প্রকাশ করেছেন।

আরো তথ্য এবং সহায়তার জন্য:

- আপনার যদি একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর প্রয়োজন হয়, NYC হেলথ প্লাস হসপিটালস (NYC Health and Hospitals) সকল নিউ ইয়র্কবাসীকে তাদের অভিবাসন অবস্থা, স্বাস্থ্যবীমার স্থিতি বা অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে পরিচর্যা প্রদান করে থাকে। **844-692-4692** বা **311** নম্বরে কল করুন।
- একটি পরীক্ষার সাইট খুঁজে বার করতে nyc.gov/covidtest এ যান অথবা **311** নম্বরে কল করুন।

যেভাবে পরিস্থিতির পরিবর্তন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

6.26.20